# এসএসসি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট | পূর্ণমান— ৭০

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : ১ ৫ ০

### সৃজনশীল প্রশ্ন

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.▶** ‘ক’ নামক একটি প্রদেশের নিরস্ত্র জনগণের উপর শাসকগোষ্ঠীর সেনাবাহিনীর অতর্কিত আক্রমণ শুরু করলে উক্ত প্রদেশের ছাত্র, জনতা, বিভিন্ন বাহিনীতে নিয়োজিত সদস্য ও বিভিন্ন পেশার সাধারণ মানুষ সাহিসকাতর সাথে তাদের বিরুদ্ধে বুখে দাঁড়ায় এবং প্রতিরোধ গড়ে তোলে। নিজেদের মুক্তির জন্য যুদ্ধ করতে গিয়ে অনেকেই শহিদ হন, আবার অনেকে মারাত্মকভাবে আহত হন। জীবনের মায়া ত্যাগ করে অবশেষে তারা শত্রুমুক্ত করে সার্বভৌম রাষ্ট্র প্রতিষ্ঠা করে।

ক. ১৯৭১ সালের ৩ মার্চ কোথায় পাকিস্তানের জাতীয় পরিষদের অধিবেশন বসার কথা ছিল? ১

খ. বাংলাদেশের মুক্তিযুদ্ধে জাতিসংঘের ভূমিকাসমূহ লেখ। ২

গ. উদ্দীপকে উল্লেখিত ‘ক’ দেশের স্বাধীনতার ইতিহাসের সাথে তোমার পাঠ্যপুস্তকের কোন যুদ্ধের সামঞ্জস্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত যুদ্ধের ঐতিহাসিক তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

**২.▶**




ক. ‘স্মৃতির মিনার’—কবিতাটির রচয়িতা কে? ১

খ. পাকিস্তানি শাসনামলে পূর্ব পাকিস্তান ও পশ্চিম পাকিস্তানের মধ্যে শিক্ষাক্ষেত্রে কী ধরনের বৈষম্য ছিল? ২

গ. উদ্দীপকে ‘?’ চিহ্নিত স্থানটি পাকিস্তানি শাসকগোষ্ঠীর বিরুদ্ধে বাঙালিদের কোন আন্দোলনকে ইঙ্গিত করছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. বাংলাদেশের স্বাধীনতা অর্জনে উক্ত আন্দোলনের ভূমিকা মূল্যায়ন কর। ৪

**৩.▶** মানব সমাজে একটি সামাজিক সংগঠনের ভূমিকার পরিধি ব্যাপক এবং তার কার্যাবলিও বহুমাত্রিক। সন্তান লালন-পালন এবং তার সুষ্ঠু বিকাশে এই সংগঠনের রয়েছে গুরুত্বপূর্ণ ভূমিকা। পৃথিবীর সকল দেশেই এ সংগঠনের বিভিন্ন ধরনের ভূমিকা পালন করতে দেখা যায়। তবে সামাজিক পরিবর্তনের সাথে সাথে উক্ত সংগঠনের ভূমিকারও পরিবর্তন ঘটেছে। যদিও বিশ্বের সব সমাজেই উক্ত সংগঠন কতগুলো মূল কাজ পালন করে থাকে।

ক. সামাজিকীকরণের আনুষ্ঠানিক মাধ্যম কী? ১

খ. ‘মিথস্ক্রিয়া’ বলতে কী বোঝায়? ২


গ. উদ্দীপকে উল্লিখিত গুরুত্বপূর্ণ সংগঠনটির পরিচয় দাও। ৩

Teachingbd.com

http://teachingbd.com

ঘ. তুমি কি মনে কর, বাংলাদেশের গ্রাম ও শহরে উক্ত সংগঠনের ধরন ও ভূমিকায় পার্থক্য রয়েছে? তোমার উত্তরের স্বপক্ষে বক্তব্য উপস্থাপন কর। ৪

৪.▶




ক. মোনাকো রাষ্ট্রের জনসংখ্যা কত? ১

খ. এরিস্টটল তার ধারণায় রাষ্ট্রের অধিকাংশ জনগণকে নাগরিক হিসেবে অন্তর্ভুক্ত না করার কারণ ব্যাখ্যা কর। ২

গ. উপরে অঙ্কিত চিত্রের কার্যাবলি রাষ্ট্রের কোন ধরনের কার্যাবলির সাথে সম্পর্কিত? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর, মানব জীবনের সামগ্রিক কল্যাণে রাষ্ট্র কেবল উক্ত কাজগুলোই সম্পাদন করে থাকে? তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি প্রদর্শন কর।৪

৫.▶ জামাল, স্বপন ও ম্যাকিও একই বিদ্যালয়ে দশম শ্রেণির ছাত্র। তারা এমনই একটি রাষ্ট্রে বসবাস করে যেখানে জনগণই সার্বভৌম ক্ষমতার অধিকারী। সংখ্যাগরিষ্ঠ জনগণের ভোটাধিকার প্রয়োগের ফলে সেখানে সরকার গঠিত হয়। যেহেতু সংখ্যাগরিষ্ঠের ভোটে তাদের দেশে সরকার গঠিত হয় সেহেতু উক্ত সরকার সংখ্যাগরিষ্ঠের স্বার্থে সরকারটি গঠিত ও পরিচালিত হয়।

ক. ১৯৪৭ সাল থেকে ১৯৭১ সাল পর্যন্ত পাকিস্তানে কতবার জাতীয় পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হয়েছিল? ১

খ. বিরোধী রাজনৈতিক দল কীভাবে সংসদকে কার্যকর করে? ২

গ. জামাল, স্বপন ও ম্যাকিও যে দেশে বাস করে সেই দেশে কোন ধরনের সরকার ব্যবস্থা প্রচলিত? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর, উক্ত সরকার ব্যবস্থায় সংখ্যালঘিষ্ঠ জনগোষ্ঠী উপেক্ষিত ও তাদের স্বার্থ লঙ্ঘিত হয়? তোমার উত্তরের পক্ষে বক্তব্য পেশ কর। ৪

৬.▶ ব্রিটিশ নাগরিক অ্যালেক্স একটি দেশের অর্থনৈতিক অবস্থার সমীক্ষা দেখে আঁতকে ওঠে যে দেশের অর্থনীতিতে কৃষিই গুরুত্বপূর্ণ খাত। তবে শিল্পখাত ধীরে ধীরে সম্প্রসারিত হচ্ছে। দেশটির সামাজিক ও অর্থনৈতিক অবকাঠামো অনুন্নত ও অপর্যাপ্ত। জনসংখ্যাধিক্য, শিক্ষার নিম্নহার ও বেকারত্ব উক্ত দেশের অন্যতম প্রধান সমস্যা। জনগণের দারিদ্র্যের কারণে জীবনযাত্রার মানও নিচু। তাদের এই অর্থনৈতিক অনগ্রসরতার জন্য অনেকটাই দায়ী প্রায় দুইশত তেইশ বছরের ঔপনিবেশিক শাসন।

Teachingbd.com

ক. বাংলাদেশ যে সমস্ত দেশ থেকে পণ্য আমদানি করে তাদের মধ্যে আমদানির শতকরা হিসেবে ভারতের স্থান কততম? ১
খ. অর্থনৈতিক প্রবৃদ্ধি ও অর্থনৈতিক উন্নয়নের মধ্যে পার্থক্য লেখ। ২
গ. অ্যালেক্স যে দেশটির অর্থনৈতিক অবস্থা জেনেছিল তা কোন দেশের অর্থনৈতিক বৈশিষ্ট্যের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত দেশটির অর্থনৈতিক প্রতিবন্ধকতাসমূহ দূর করে কীভাবে অর্থনৈতিক উন্নয়ন করা যেতে পারে, সে ব্যাপারে তোমার নিজস্ব মতামত দাও। ৪

৭.▶ গত আগস্ট মাসে পড়ন্ত বিকেলে ঐশী তার পরিবারের সদস্যদের সাথে বসে টিভিতে একটি ইংরেজি ছবি দেখছিল। তার মা তাকে হঠাৎ করেই বলে উঠে ঐশী খাট নাড়াচ্ছো কেন? ঐশী কোনো উত্তর না দিয়েই চিৎকার করে ঘর থেকে বের হয়ে যায় এবং দেখে তাদের ভবনের সবাই তড়িঘড়ি করে সিঁড়ি দিয়ে নিচে নেমে যাচ্ছে।

ক. সর্বশেষ আদমশুমারি অনুযায়ী বাংলাদেশে জনসংখ্যা বৃদ্ধির হার কত? ১
খ. বাংলাদেশ কীভাবে সহজে প্রচুর সৌরশক্তি পেয়ে থাকে? ২
গ. উদ্দীপকের ঘটনা কোন প্রাকৃতিক দুর্যোগের ইঙ্গিত করছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. বাংলাদেশে উক্ত প্রাকৃতিক দুর্যোগের কারণ আলোচনা কর। ৪

৮.▶




ক. বাংলাদেশের পিরামিডের উচ্চতা কত মিটার? ১
খ. বাংলাদেশে অঞ্চলভেদে জনসংখ্যার ঘনত্বের পার্থক্য দেখা যায় কেন? ২
গ. চিত্রে 'ক' চিহ্নিত ভূমিসমূহ বাংলাদেশের ভূ-প্রকৃতির শ্রেণিবিন্যাস অনুযায়ী কোন শ্রেণির অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর, 'গ' শ্রেণিভুক্ত বৈশিষ্ট্যের কারণেই বাংলাদেশ কৃষিক্ষেত্রে ব্যাপক উন্নতি সাধন করতে পেরেছে? এ ব্যাপারে তোমার নিজস্ব মতামত দাও। ৪

৯.▶ নবম শ্রেণির ছাত্র হেলাল। তার বাবা প্রতিদিন তাকে বিদ্যালয়ের গেটে ঢুকিয়ে দিয়ে নিজের অফিসে যান। কিন্তু হেলাল বিদ্যালয় শুরু হতেই দেয়াল টপকে বেড়িয়ে পড়ে, স্কুল ড্রেস পরিবর্তন করে নেয়। সমবয়সী বখাটে ছেলেদের সাথে মিশে সিগারেট খায়, রাস্তায় স্কুলগামী মেয়েদের উত্ত্যক্ত করে, এমনকি মাঝে মাঝে বিদ্যালয়ের ছাত্রদের সাথে রক্তক্ষয়ী সংঘর্ষে লিপ্ত হয়। তার অবস্থা এমন হয়েছে যে, সে কাউকে পরোয়া করে না এবং কোনো শাস্তিকে ভয় পায় না। বরং বার বার একই অপরাধ করে চলেছে।

ক. AIDS এর পূর্ণরূপ কী? ১

খ. বাংলাদেশে কিশোর শ্রমিক নিয়োগের ক্ষেত্রে নিয়ম কী? ২

গ. হেলাল ও তার সমবয়সী বন্ধুদের কার্যাকলাপ কোন ধরনের সামাজিক সমস্যার অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. হেলালের মতো অপরাধীদের কীভাবে সঠিক পথে ফিরিয়ে আনা যেতে পারে? পাঠ্যপুস্তকের আলোকে আলোচনা কর। ৪

১০.▶ জনাব আব্দুর রহমান সাহেব বাংলাদেশের একটি স্থানীয় স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের প্রধান। তিনি ছাড়াও উক্ত প্রতিষ্ঠানের বিশ জন সদস্য জনগণের পরোক্ষ ভোটের দ্বারা নির্বাচিত যাদের কার্যকাল পাঁচ বছর। স্থানীয় এলাকাবাসীর ধর্মীয়, নৈতিক ও বৈষয়িক উন্নতি সাধনের জন্যও তারা কাজ করেন।

ক. বাংলাদেশে মোট কয়টি সিটি কর্পোরেশন রয়েছে? ১

খ. স্থানীয় স্বায়ত্তশাসন বলতে কী বোঝায়? ২

গ. জনাব আব্দুর রহমান সাহেব বাংলাদেশের কোন স্বায়ত্তশাসিত পরিষদের প্রধান? এর গঠন ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কার্যাবলি আলোচনা কর। ৪

১১.▶ বৈশাখী বাংলাদেশের একটি ছোট গ্রাম। উক্ত গ্রামের মানুষ খুব সমাজ সচেতন। গ্রামের লোকজন জন্ম নিয়ন্ত্রণের বিভিন্ন পদ্ধতি গ্রহণ করায় জন্মহার যেমন হ্রাস পেয়েছে, তেমনি সংক্রামক রোগের টিকা ও আধুনিক চিকিৎসা সেবাগ্রহণ করায় মৃত্যুহারও হ্রাস পেয়েছে। এলাকার বেকারত্ব, শিশুশ্রম ও কর্মসংস্থানের ক্ষেত্রে ইতিবাচক প্রভাব পড়ায় জনগণের জীবনযাপন ও জীবনযাত্রার মানও বৃদ্ধি পেয়েছে।

ক. চতুর্থ বিশ্বনারী সম্মেলন, বেইজিং-১৯৯৫ অনুযায়ী বাংলাদেশের প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে নারী শিক্ষার্থীর হার শতকরা কত? ১

খ. প্রযুক্তি কী? বুঝিয়ে লেখ। ২

গ. বৈশাখী গ্রামে সামাজিক পরিবর্তনের কোন উপাদানের প্রভাব রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর, সমাজে নারীর ভূমিকার পরিবর্তন ঘটাতে উক্ত উপাদানটির অবদানই যথেষ্ট? তোমার উত্তরের স্বপক্ষে বক্তব্য উপস্থাপন কর। ৪

http://teachingbd.com

সময়— ৩০ মিনিট পূর্ণমান— ৩০

## বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড : | ১ | ৫ | ০ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. **২১ ফেব্রুয়ারি ছাত্র হত্যার প্রতিবাদে কে স্মৃতির মিনার কবিতাটি রচনা করেন?**
ক) মাহবুবুল আলম
খ) আলাউদ্দিন আল আজাদ
গ) আব্দুল লতিফ ঘ) ডা. মুনির চৌধুরী

২. **১৯৬৬ সালে পাকিস্তান প্রশাসনে দেশরক্ষায় বাঙালিদের পরিমান ছিল—**
ক) ৮.১% খ) ১৯%
গ) ২০.১% ঘ) ২১%

৩. **১৯৭০ সালের নির্বাচনে জনগণ—**
i. ৬ দফার প্রতি অকুণ্ঠ সমর্থন দান করে
ii. ১১ দফার প্রতি অকুণ্ঠ সমর্থন দান করে
iii. সকল ক্ষমতার উৎস তা প্রমাণ করে
**নিচের কোনটি সঠিক?**
ক) i খ) ii
গ) i ও ii ঘ) i, ii ও iii

৪. চরম পত্র → জল্লাদের দরবার → ?
**প্রশ্ন চিহ্নিত স্থানে কী বসবে?**
ক) একটি সংবাদপত্র
খ) এক ধরনের আন্দোলন
গ) ভাষা আন্দোলনের জনপ্রিয় অনুষ্ঠান
ঘ) মুক্তিযুদ্ধের জনপ্রিয় অনুষ্ঠান

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও:**
'ক' বৃটেনে মুক্তিযুদ্ধের জন্য অর্থ সংগ্রহ করতেন, বাংলাদেশের পক্ষে সমর্থন আদায়ে বিভিন্ন সংস্থায় যাতায়াত করতেন।

৫. **মুক্তিযুদ্ধে 'ক' কাদের প্রতিনিধিত্ব করেছেন?**
ক) প্রবাসী বাঙালী খ) পেশাজীবীর
গ) রাজনৈতিক দলের
ঘ) জনসাধারণের

৬. **উক্ত গোষ্ঠি মুক্তিযুদ্ধে নিরলসভাবে কাজ করেছে—**
ক) মুক্তিযোদ্ধাদের সাহস যোগাতে
খ) শরণার্থীদের উৎসাহ প্রদান করতে
গ) জনমত গঠনে
ঘ) জনগণকে শত্রুর বিরোধে দুর্দমনীয় করতে

৭. **ভাটার স্রোতকে কাজে লাগিয়ে বিদ্যুৎ উৎপাদন করা হয়—**
i. ফ্রান্সের লারান্স বিদ্যুৎ কেন্দ্রে
ii. বাংলাদেশের কাপ্তই জলবিদ্যুৎ কেন্দ্রে
iii. ভারতের বাঙালা বন্দরে
**নিচের কোনটি সঠিক?**
ক) i খ) i ও ii
গ) i ও iii ঘ) i, ii ও iii

৮. **পৃথিবীর নিকটতম গ্রহণ কোনটি?**
ক) বুধ খ) শুক্র
গ) বৃহস্পতি ঘ) মঙ্গল

৯. **ভারতে মার্চ থেকে মে মাস পর্যন্ত কোন ঋতু?**
ক) শরৎকাল খ) হেমন্তকাল
গ) শীতকাল ঘ) গ্রীষ্মকাল

১০. **কোন অঞ্চলের মাটির রং ধুসর ও লাল বর্ণের?**
ক) সুন্দরবনের খ) লালমাই পাহাড়ের
গ) মধুপুর ও ভাওয়াল গড়ের
ঘ) বরেন্দ্রভূমির

১১. **বাংলাদেশের উষ্ণতম মাস কোনটি?**
ক) এপ্রিল খ) মে
গ) জুন ঘ) জুলাই

১২. **কাপ্তাই ও হালদা হচ্ছে একটি—**
ক) নদী খ) শাখা নদী
গ) উপনদী ঘ) খাল

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও:**
তামিম গ্রীষ্মের ছুটিতে একটি বনাঞ্চলে বেড়াতে গিয়ে দেখল সেখানে প্রচুর কেওড়া, বায়েন ও গরান বৃক্ষ রয়েছে।

১৩. **তামিম কোন বনাঞ্চলে বেড়াতে গিয়েছিল?**
ক) রাতার গুলে খ) স্রোতজ বনভূমিতে
গ) পত্রপতনশীল অরণ্যে
ঘ) ক্রান্তিয় চিরহরিৎ বনভূমিতে

১৪. **এ বনভূমির আয়তন কত বর্গকিলোমিটার?**
ক) ১৪০০০ বর্গ কি.মি.
খ) ৫১৯২ বর্গ কি.মি.
গ) ৪১৯২ বর্গ কি.মি.
ঘ) ৪০০০ বর্গ কি.মি.

Teachingbd.com

http://teachingbd.com

১৫. পদ্মা নদীর উৎপত্তিস্থল—
ⓚ মানস সরোবরে
ⓚ গাঙ্গোত্রী হিমবাহে
ⓖ নাগা-মণিপুর অঞ্চলে
ⓖ লুসাই পাহাড়ে

১৬. কোন শব্দ থেকে নাগরিক শব্দটির উৎপত্তি হয়?
ⓚ Civics ⓚ Citizen
ⓖ Civis ⓖ Civilian

১৭. রাষ্ট্র কর্তৃক আরোপিত অধিকার এবং বাধ্যবাধকতা সমূহ আইন'— এ সংজ্ঞাটি প্রদান করেছেন—
ⓚ অধ্যাপক হল্যান্ড ⓚ টি.এইচ.গ্রীন
ⓖ উড্রো উইলসন ⓖ গার্নার

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও:**
জাকির সাহেব একটি স্থানীয় সরকারের প্রধান। এর সদস্য সংখ্যা ১৩। একটি অনিয়মের কারণে ১০ সদস্যের অনাস্থা প্রস্তাবে তিনি পদচ্যুত হন।

১৮. জাকির সাহেব কোন স্থানীয় সরকারের প্রধান?
ⓚ জেলা পরিষদ ⓚ সিটি কর্পোরেশন
ⓖ উপজেলা পরিষদ ⓖ ইউনিয়ন পরিষদ

১৯. উক্ত সংস্থার বৈশিষ্ট্য হলো—
i. জনশৃঙ্খলা রক্ষা
ii. জনকল্যাণমূলক কাজ ও সেবা
iii. অর্থনৈতিক উন্নয়ন সম্পর্কিত পরিকল্পনা ও বাস্তবায়ন
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ ii
ⓖ iii ⓖ i, ii ও iii

২০. পদসোপান অনুযায়ী তৃতীয় ধাপের প্রশাসনিক কর্মকর্তা কে?
ⓚ অতিরিক্ত সচিব ⓚ যুগ্মসচিব
ⓖ সচিব ⓖ উপসচিব

২১. অধিকাংশ মুসলিম রাষ্ট্রের আইন সভা কী নামে পরিচিত?
ⓚ পার্লামেন্ট ⓚ মজলিশ
ⓖ কংগ্রেস ⓖ জাতীয় সংসদ

২২. জনগণের সার্বভৌমত্বের স্বীকৃতি দেয় কে?
ⓚ নির্বাচন ⓚ জনগণ
ⓖ রাজনৈতিক দল ⓖ গণতন্ত্র

২৩. স্বাধীন বাংলাদেশে প্রথম সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয় কত সালে?
ⓚ ১৯৭২ ⓚ ১৯৭৩
ⓖ ১৯৭৪ ⓖ ১৯৭৫

**নিচের অনুচ্ছেদটি পড়ে ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও:**




২৪. প্রশ্ন চিহ্নিত স্থানে কী বসবে?
ⓚ জাতিসংঘ
ⓚ বাংলাদেশ
ⓖ জাতিসংঘ ও বাংলাদেশ
ⓖ জাতিপুঞ্জ

২৫. কোন অর্থনীতিতে ব্যক্তি বা বেসরকারি খাতের প্রাধান্য থাকে?
ⓚ ধনতান্ত্রিক ⓚ সমাজতান্ত্রিক
ⓖ ইসলামি ⓖ মিশ্র

২৬. বাংলাদেশে আয় বৈষম্য প্রকট কেন?
ⓚ অর্থনৈতিক খাত বেসরকারি নিয়ন্ত্রণে থাকায়
ⓚ গরিব বেশি বলে
ⓖ প্রাকৃতিক দুর্যোগের কারণে
ⓖ সরকারি নিয়ন্ত্রন থাকার কারণে

২৭. ২০১১—১২ অর্থবছরে শিল্পখাতের অবদান কত শতাংশ?
ⓚ ১৩.৫৮ ⓚ ১৪.৮০
ⓖ ২১.১০ ⓖ ৩১.১৩

২৮. একটি দেশে মাথাপিছু আয় ১২২৮০ মার্কিন ডলার। দেশটি কোন আয়ের দেশ?
ⓚ নিম্ন ⓚ নিম্ন মধ্য
ⓖ মধ্য ⓖ উচ্চ

২৯. 'ক' বিবাহের পর স্ত্রীকে নিয়ে পৃথক একটি বাড়িতে বাস করে। 'ক' এর পরিবার হচ্ছে—
ⓚ বর্ধিত ⓚ মাতৃবাস
ⓖ নয়াবাস ⓖ পিতৃবাস

৩০. বিজ্ঞানের প্রায়োগিক দিক কোনটি?
ⓚ শিক্ষা ⓚ প্রযুক্তি
ⓖ যোগাযোগ ⓖ শিল্পায়ন

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | ক | ৩ | গ | ৪ | খ | ৫ | ক | ৬ | গ | ৭ | গ | ৮ | খ | ৯ | ঘ | ১০ | ঘ | ১১ | ক | ১২ | গ | ১৩ | ঘ | ১৪ | গ | ১৫ | ঘ |
| | ১৬ | ক | ১৭ | খ | ১৮ | ঘ | ১৯ | ঘ | ২০ | ঘ | ২১ | খ | ২২ | ঘ | ২৩ | খ | ২৪ | গ | ২৫ | ঘ | ২৬ | ক | ২৭ | ঘ | ২৮ | ঘ | ২৯ | গ | ৩০ | খ |

http://teachingbd.com